

U.G. 5th Semester Examination - 2020**BENGALI****Course Code: BBNGDSHT3 [DSE3]****Course Title: বাংলা সমালোচনা সাহিত্য**

পূর্ণমান : 80

সময় : ২ ঘণ্টা

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

দক্ষিণ প্রাচ্ছস্ত সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $1 \times 10 = 10$
- ক) ‘ভারতীয় সাহিত্যে কালিদাসের পরে এ-আখ্যা শুধু রবীন্দ্রনাথেরই প্রাপ্ত’ — কোন্ আখ্যার কথা প্রাবন্ধিক বলেছেন?
 - খ) ‘তিনি যে বড়বেশি বড়ো লেখক’ — কার প্রসঙ্গে এই মন্তব্যটি করা হয়েছে?
 - গ) ‘রবীন্দ্রনাথ ও উত্তরসাধক’ প্রবন্ধটি কত সালে রচিত হয়?
 - ঘ) মিরন্দা কোন্ নাটকের চরিত্র?
 - ঙ) ‘সর্বত্র যেমন সাহিত্যেও তেমনি ভাব ও ভঙ্গি যুগে-যুগে বদলায়, সেটাই স্বাভাবিক, সেটাই প্রাণের লক্ষণ।’ — এটি কোন্ প্রবন্ধের অংশ?
 - চ) ‘জগতের যতটা জ্ঞানের দ্বারা আমি জানিব ও হাদয়ের দ্বারা আমি পাইব ততটা আমারই ব্যাপ্তি, আমারই বিস্তৃতি।’ — এটি কার মন্তব্য?

- ছ) ‘সেই ঘুটঘুটে অন্ধকার জেলখানায় তাঁর কবিসত্তা বাস করত, যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত।’ — কোন্ কবি প্রসঙ্গে একথা বলা হয়েছে?
- জ) কার মতে কবিতা হল ‘মেমোরেবল্ স্পীচ’?
- ঝ) উভয়েই ‘দুরারোহিনী আশালতা’ মহামহীরহ অবলম্বন করিয়া উঠিয়াছিল।’ — কাদের প্রসঙ্গে এ-কথা বলা হয়েছে?
- ঞ) ‘মৌচাক’ পত্রিকার সম্পাদক কে ছিলেন?
- ট) কোন্ কবিকে ‘ছন্দোরাজ’ বলা হয়?
- ঠ) ‘আবোল-তাবোল’ - কার রচনা?
- ড) ‘আলংকারিকদের ভাষায় কাব্যের অর্থ দুই প্রকার’ — দুটি প্রকারের নাম কী কী?
- ঢ) ‘Its sonority, its masculine endings, its visual aspect compose for him a face of flesh.’ — এটি কার মন্তব্য?
- ণ) ‘মাইকেল’ প্রবন্ধটির রচনাকাল উল্লেখ করো।

- ২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 5 = 10$
- ক) ‘কর্মফল তাঁকে পৌঁছিয়ে দিয়েছে সেই ভুল স্বর্গে, যেখানে মহত্ব নিতান্তই ধরে নেয়া হয়, পরীক্ষার প্রয়োজন হয় না।’ — কার প্রসঙ্গে কে এই মন্তব্য করেছেন?
 - খ) ‘বাংলা শিশুসাহিত্যে দুই যুগ দেখিয়াছি’ — প্রাবন্ধিক দুই যুগ বলতে কী বুঝিয়েছেন?
 - গ) কল্লোল গোষ্ঠীর দু'জন কবির নাম লেখো।

- ঘ) ‘গদ্যের ক্ষেত্রে রবীন্দ্রনাথের অন্তি পরেই দু-জন রবিভন্ত
অথচ মৌলিক লেখকের সাক্ষাৎ পাই আমরা।’ —
প্রাবন্ধিকের মতে এই ‘মৌলিক লেখক’ কারা?
- ঙ) ‘বাঙালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন’ প্রবন্ধের যে-
কোনো দুটি নিবেদন নিজের ভাষায় লেখো।
- চ) ‘উভয়েই অরণ্যমধ্যে প্রতিপালিতা; সরলতার যে কিছু
মোহমন্ত্র আছে, উভয়েই তাহাতে সিদ্ধ।’ — এখানে কোন্
দুটি চরিত্রের কথা বলা হয়েছে?
- ছ) ‘কাব্যে অস্তঃপ্রকৃতি ও বহিঃপ্রকৃতির মধ্যে যথার্থ সমন্বন্ধ এই
যে, উভয়ে উভয়ের প্রতিবিম্ব নিপত্তি হয়।’ — কার লেখা
কোন্ প্রবন্ধের অংশ এটি?
- জ) ‘তিনি আধুনিক বাংলা কাব্যের সবচেয়ে বেশি
নিরাশাকরোজ্জুল চেতনা।’ — কার প্রসঙ্গে কে এই মন্তব্য
করেছেন?
- ৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : $5 \times 2 = 10$
- ক) ‘বিদ্যাপতি ও জয়দেব’ প্রবন্ধে প্রাবন্ধিক বাঞ্ছিমচন্দ্র চট্টোপাধ্যায়
বিদ্যাপতি ও জয়দেবের মধ্যে যে তুলনা করেছেন তা
সংক্ষেপে আলোচনা করো।
- খ) জীবনানন্দ তাঁর প্রবন্ধে এলিয়ট প্রসঙ্গ কীভাবে এনেছেন তা
বুঝিয়ে দাও।
- গ) ‘বাংলা শিশুসাহিত্য’ প্রবন্ধে প্রাবন্ধিক বুদ্ধদেব বসু রবীন্দ্রনাথ
ঠাকুর এবং অবনীন্দ্রনাথ ঠাকুরের যে তুলনা করেছেন তা
সংক্ষেপে লেখো।

- ৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 1 = 10$
- ক) জীবনানন্দ দাশের ‘কবিতার কথা’ প্রবন্ধটির বক্তব্য সংক্ষেপে
লেখো।
- খ) আবু সয়ীদ আইয়ুব ‘কবিতার ভাষা’ প্রবন্ধে কবিতার ভাষার
যে বৈশিষ্ট্যগুলির উপর আলোকপাত করেছেন তা আলোচনা
করো।
- গ) ‘রবীন্দ্রনাথ ও উত্তরসাধক’ প্রবন্ধে প্রাবন্ধিক বুদ্ধদেব বসু স্বভাব
কবির বৈশিষ্ট্যগুলি প্রসঙ্গে কীভাবে আলোকপাত করেছেন
তা আলোচনা করো।
-